
দৈনিক ইনকিলাব

53

তারিখ ...
পৃষ্ঠা ৭১




*ভোলা ঃ জমিয়তে মোদার্রেছীন মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে শহরে একটি বিক্ষোভ মিছিল বের করে — ইনকিলাব*

## মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে ভোলায় বিক্ষোভ সমাবেশ

ভোলা জেলা সংবাদদাতা ঃ সম্প্রতি বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীন ভোলা জেলা শাখার উদ্যোগে ভোলা আলীয়া মাদ্রাসায় মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র ও কোরআন অবমাননার বিরুদ্ধে সর্বস্তরের মাদ্রাসা শিক্ষকদের এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন প্রিন্সিপাল মাওলানা মোহাম্মদ নূরুল ইসলাম। বক্তব্য রাখেন, প্রিন্সিপাল রুহুল আমিন, অধ্যাপক ফজলুল করিম প্রমুখ।

সভায় মাদ্রাসার স্বীকৃতি বাতিলের আদেশ প্রত্যাহার, স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের বেতনভাতা প্রদান, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ইসলামী শিক্ষা সংকোচন নীতি প্রত্যাহার ও দেওবন্দি নেসাবের মাদ্রাসার শিক্ষক ও ছাত্রদের হয়রানি বন্ধের দাবী জানান হয়।

সভা শেষে এক বিক্ষোভ মিছিল শহর প্রদক্ষিণ ও জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি প্রদান করে।

## মৌলভীবাজারে মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রতিবাদে তালামীযে ইসলামিয়ার বিক্ষোভ মিছিল

মৌলভীবাজার জেলা সংবাদদাতা ঃ সম্প্রতি মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্তের বিরুদ্ধে ও সরকার কর্তৃক ৬শ' মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ও এমপিও ভুক্তি বাতিল ঘোষণার প্রতিবাদে বাংলাদেশ আনজুমানে তালামীযে ইসলামিয়া মৌলভীবাজার শহর শাখার উদ্যোগে গত মঙ্গলবার শহরে বিশাল মিছিল জেলা সভাপতি সিরাজুল ইসলামের নেতৃত্বে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে পথসভা অনুষ্ঠিত হয়। সভায় নেতৃবৃন্দ তীব্র প্রতিবাদ জানিয়ে বলেন, প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর সুস্পষ্ট ঘোষণা সত্ত্বেও মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ও বন্ধের ঘোষণায় সমগ্র জাতি হতবাক হয়েছে। সভায় অবিলম্বে সরকারের এই সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানানো হয়।